বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ৬৪০০-১৪২৫৫/- বেতন স্কেলে ডিএইআরএস অধীন কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের **"ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান"**-এর ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃইকুইপমেন্টস/ ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি/ প্রজেক্টর/ কম্পিউটার এক্সেসরিজ মেরামত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

২। ৳ঃ ৫৫০০-১২০৯৫/- বেতন স্কেলে " **উচ্চমান সহকারী"** পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ১টি স্থায়ী পদ, শহীদ স্মৃতি হলের ১টি স্থায়ী পদ ও কেন্দ্রীয় লাইব্রেরীর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ৫২০০-১১২৩৫/- বেতন স্কেলে " **সিকিউরিটি ইন্সপেক্টর** " এস্টেট লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ২টি (দুই) স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ অবসরপ্রাপ্ত 'এন.সি.ও' অথবা ইহার সমমানের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। বয়সসীমা ৫০ (পঞ্চাশ) বছরের উর্ধ্বে নয়।

৪। ৳ঃ ৪৯০০-১০৪৫০/- বেতন স্কেলে **"এসি কাম-জেনারেটর টেকনিশিয়ান"** আই আই সি টি -এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণসহ বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি/ সংশ্লিষ্ট ট্রেডে এইচ.এস.সি. ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। অথবা প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণসহ বিজ্ঞান বিভাগে এস.এস.সি/সংশ্লিষ্ট ট্রেডে এস.এস.সি. ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৫। ৳ঃ ৪৯০০-১০৪৫০/- বেতন স্কেলে ডিএইআরএস অফিসের তথ্য ও প্রকাশনা শাখার **"ফটোগ্রাফিক এ্যাসিস্ট্যান্ট"** -এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কোন শিক্ষা প্রতিষ্ঠান বা সুপ্রতিষ্ঠিত স্টুডিওতে ফটোতোলা, আলোকচিত্র ও পরিস্ফুটনে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশ অথবা সংশ্লিষ্ট কাজে ৮ (আট) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কমপক্ষে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে।

৬। ৳ঃ ৪৭০০-৯৭৪৫/- বেতন স্কেলে " **বাবুর্চি** " ড. এম.এ রশীদ হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ভাল লেখা পড়া জানাসহ সকল প্রকার রান্নার কাজে অভিজ্ঞ হইতে হইবে।

৭। ৳ঃ ৪৭০০-৯৭৪৫/- বেতন স্কেলে **"হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর"** পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ কমপক্ষে এইচ.এস.সি (বাণিজ্য হইলে ভাল হয়) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৮। ৳ঃ ৪৭০০-৯৭৪৫/- বেতন স্কেলে **"হিসাব সহকারী"** ডিএইআরএস অফিসের তথ্য ও প্রকাশনা শাখার ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৯। ৳ঃ ৪৫০০-৯০৯৫/- বেতন স্কেলে প্রকৌশল অফিস -এর **"টেলিফোন লাইনম্যান"** -এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি পাশসহ টেলিফোন শিল্প সংস্থা হইতে ট্রেনিং কোর্স সম্পন্ন হইতে হইবে। অথবা এস.এস.সি পাশ এবং ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেটসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।

১০। ৳ঃ ৪৩২/- দৈনিক মজুরী ভিত্তিতে প্রকৌশল অফিসের " **প্লাম্বার** "-এর ১ (এক) টি পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন প্লাম্বিং পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে প্লাম্বার হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১১। ৳ঃ ৪৪০০-৮৫৮০/- বেতন স্কেলে কেন্দ্রীয় লাইব্রেরীর **"সর্টার"**-এর ১ (এক) টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১২। ৳ঃ ৪২৫০-৮১৪০/- বেতন স্কেলে **"ল্যাবঃ এটেনডেন্ট"** সি.এস.ই বিভাগের -এর ১ (এক) টি স্থায়ীপদ ও পানি সম্পদ কৌশল বিভাগের ১ (এক) টি, গণিত বিভাগের ১ (এক)টি ও স্থাপত্য বিভাগের ১ (এক) টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে এস.এস.সি ভোকেশনাল পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে এস.এস.সি/ সমমানের পাশসহ কোন সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ সহ কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳ঃ ৪১০০-৭৭৪০/- বেতন স্কেলে **"এম.এল.এস.এস"** সি.এস.ই বিভাগের -এর ২ (দুই) টি স্থায়ী পদ, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ, গণিত বিভাগের ১ (এক)টি, পদার্থ বিজ্ঞান বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ, নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ ও তিতুমীর হলের ২ (দুই) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৪। ৮ঃ ৪১০০-৭৭৪০/- বেতন এস্টেট লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর **"গার্ড** "-এর ৫ (পাঁচ) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১৫। ৮ঃ ৪১০০-৭৭৪০/- বেতন স্কেলে কেমিকৌশল বিভাগের জন্য **"সুইপার"**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৬। ৮ঃ ৪১০০-৭৭৪০/- সোহরাওয়াদী হলে **"সুইপার/ জমাদার"**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৭। ৮ঃ ৪১০০-৭৭৪০/- বেতন স্কেলে কাজী নজরুল ইসলাম হলের **"মালী"** ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৮। ৮ঃ ৩৬০/- দৈনিক মজুরী ভিত্তিতে প্রকৌশল অফিসের " **সহকারী প্লাম্বার** "-এর ১ (এক) টি পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

১৯। ৮ঃ ৩০০/- দৈনিক মজুরী ভিত্তিতে এস্টেট লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ৫ (পাঁচ) জন **"গার্ড"**ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

২০। ৮ঃ ৩০০/- দৈনিক মজুরী ভিত্তিতে প্রকৌশল অফিসের জন্য **"সুইপার/ জমাদার"**-এর ২ (দুই) টি পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ- ক্রমিক নং ১ হইতে ১২ নং পদের জন্য শিক্ষাগত যোগ্যতার কোন স্তরে তৃতীয় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য নয়, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শ্রেণী/বিভাগ শিথিলযোগ্য।

সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা ও জন্ম তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদ সহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ১০ নং পদের ক্রমিকের জন্য ৮০/- (আশি) টাকার এবং ১১ নং ক্রমিক হইতে ২০ নং ক্রমিকের পদের জন্য ৩০/- টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট Website: www.buet.ac.bd. দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ১০/ ০২/২০১৫ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস । সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।